

## মূল বইয়ের অতিরিক্ত অংশ

### পঞ্চম অধ্যায়: দেখতে হলে আলো চাই



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** লোপা প্রথম শ্রেণির ছাত্রী। সে চশমা ব্যবহার করে। সে বলে তার চশমার ক্ষমতা  $-0.25D$ ।

- ◀ শিখনফল-৫ ও ৯ / দি. বো. ২০১৬/
- ক. লেন্স কী? ১
- খ. চশমার ক্ষমতা  $-2D$  বলতে কী বোঝ? ২
- গ. লোপার চশমার ব্যবহৃত লেন্স কোন প্রকৃতির? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
- ঘ. লোপার চোখে যে ধরনের ত্রুটি দেখা দিয়েছে তার কারণ ও প্রতিকার ব্যবস্থা বিশ্লেষণ করো। ৪

#### ১ নং প্রশ্নের উত্তর

**ক** লেন্স হলো দুটি গোলায় পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ স্বচ্ছ প্রতিসারক মাধ্যম।

**খ** কোনো লেন্সের ক্ষমতা  $-2D$  বলতে বোঝায় লেন্সটি অবতল এবং এটি প্রধান অক্ষের সমান্তরাল একগুচ্ছ আলোক রশ্মিকে এমনভাবে অপসারিত করে যেন এগুলো লেন্স থেকে  $50\text{cm}$  দূরের কোনো বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয়।

**গ** লোপার চশমায় ব্যবহৃত লেন্সটি অবতল লেন্স। উদ্দীপক হতে দেখা যায়, লোপার ব্যবহৃত চশমার ক্ষমতা  $-0.25D$ । চশমার লেন্সের ক্ষমতা ঋণাত্মক বলেই এটি অবতল লেন্স।

$$\begin{aligned} \text{লোপার চশমার ফোকাস দূরত্ব হবে, } f &= \frac{1}{p} \left[ \because p = \frac{1}{f} \right] \\ &= \frac{1}{-0.25} \\ &= -4 \text{ অর্থাৎ } 4 \text{ মিটার (অবতল লেন্স)} \end{aligned}$$


অর্থাৎ লেন্সের ক্ষমতা  $-0.25D$  অর্থ হচ্ছে এটি প্রধান অক্ষের সমান্তরাল একগুচ্ছ আলোক রশ্মিকে এমনভাবে অপসারিত করে যে, এগুলো কোনো লেন্স থেকে  $4$  মিটার দূরের কোনো বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয়।

**ঘ** (গ) নং প্রশ্নের উত্তরে দেখা যায়, লোপা অবতল লেন্সের চশমা ব্যবহার করে। অবতল লেন্সের চশমা ব্যবহার করায় তার চোখে হ্রস্বদৃষ্টি বা ক্ষীণদৃষ্টি ত্রুটি দেখা দিয়েছে বলা যায়। নিচে এই ত্রুটির কারণ ও প্রতিকার ব্যবস্থা বিশ্লেষণ করা হলো—

নিম্নলিখিত দুটি কারণে হ্রস্বদৃষ্টি বা ক্ষীণদৃষ্টি ত্রুটি হয়ে থাকে।

- চোখের লেন্সের অভিসারী শক্তি বৃদ্ধি পেলে ও
- কোনো কারণে অক্ষিগোলকের ব্যাসার্ধ বৃদ্ধি পেলে।

ফলে দূরের বস্তু হতে নির্গত আলোক রশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার সামনে (F) বিন্দুতে প্রতিবিম্ব গঠন করে (চিত্র ক)। তাই চোখ বস্তু দেখতে পায় না।




চিত্র: হ্রস্বদৃষ্টি ও তার প্রতিকার

এই ত্রুটি দূর করার জন্য লোপাকে একটি অবতল লেন্সের চশমা ব্যবহার করতে হবে যার ফোকাস দূরত্ব হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্বের সমান। এই চশমার লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্বের বস্তু হতে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্স L (চিত্র খ) এর মধ্য দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজনমতো অপসারিত হয় এবং অপসারিত রশ্মিগুলো চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনা বা অক্ষিপট R এর উপর পড়ে। এই অপসারিত রশ্মিগুচ্ছকে পিছনের দিকে বর্ধিত করলে এরা T বিন্দুতে মিলিত হবে। অতএব, চোখ বস্তুটাকে T বিন্দুতে দেখবে এবং T বিন্দুই হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্ব।

এভাবে অবতল লেন্স ব্যবহার করে অনিক দূরের বস্তু স্পষ্ট দেখতে পাবে।

#### প্রশ্ন ▶ ২



◀ শিখনফল-৬ ও ৭ / দি. বো. ২০১৬/

- ক. লেন্স কী? ১
- খ. পাহাড়ী রাস্তায় ড্রাইভিং বিপদজনক কেন? ২
- গ. উদ্দীপকের ক-চিত্রটি ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'ক' ও 'খ' চিত্রের মধ্যে কি পার্থক্য থাকতে পারে? বিশ্লেষণ করো। ৪

#### ২ নং প্রশ্নের উত্তর

**ক** দুটি গোলায় পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ স্বচ্ছ প্রতিসারক মাধ্যমই হলো লেন্স।


**খ** পাহাড়ি রাস্তা সাধারণত আঁকাবাঁকা হয়। অনেক সময় এমনও অদৃশ্য বাঁক থাকে যে পরবর্তী রাস্তাটি প্রায়  $90^\circ$  কোণে থাকে। ফলে বিপরীত দিক থেকে আসা কোনো যানবাহন সম্পর্কে ধারণা করা যায় না। এই কারণে পাহাড়ি রাস্তায় ড্রাইভিং করা বিপদজনক।

**গ** চিত্র 'ক' দ্বারা চোখের হ্রস্বদৃষ্টি ত্রুটি বা মাইওপিয়া বোঝানো হয়েছে। এ রোগে কাছের বস্তু স্পষ্ট দেখলেও মানুষ দূরের বস্তু ঠিকমত দেখতে পায় না। এ ধরনের ত্রুটির কারণ হলো—

- চোখের লেন্সের অভিসারী ক্ষমতা বেড়ে গেলে বা চোখের লেন্সের ফোকাস দূরত্ব কমে গেলে এ ধরনের ত্রুটি দেখা দেয়।
- কোনো কারণে অক্ষিগোলকের ব্যাসার্ধ বৃদ্ধি পেলে দূরবর্তী বস্তু থেকে নির্গত আলোক রশ্মিগুচ্ছ চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনার উপর মিলিত না হয়ে রেটিনার সামনে কোনো বিন্দুতে মিলিত হয়, ফলে লক্ষ্যবস্তু স্পষ্ট দেখা যায় না।

**ঘ** উদ্দীপকের চিত্রের 'ক'-তে হ্রস্বদৃষ্টি ত্রুটি দেখানো হয়েছে আর, 'খ' চিত্রে হ্রস্বদৃষ্টি ত্রুটির প্রতিকারে অবতল লেন্সের ব্যবহার ও কার্যপ্রণালি দেখানো হয়েছে। অর্থাৎ প্রথম চিত্রে ত্রুটি ও দ্বিতীয় চিত্রে ঐ ত্রুটির প্রতিকার দেখানো হয়েছে। এটিই চিত্র দুটির মূল পার্থক্য।

চোখের হ্রস্বদৃষ্টি দূর করার জন্য এমন একটি অবতল লেন্সের চশমা ব্যবহার করতে হয়, যার ফোকাস দূরত্ব হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্বের সমান।



এই চশমার লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্বের বস্তু হতে নির্গত সমান্তরাল আলোক রশ্মি 'T' এই সাহায্যকারী অবতল লেন্স L এর মধ্য দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজন মতো অপসারিত হয়ে রেটিনা বা অক্ষিপট এর উপর পড়ে। এই অপসারিত রশ্মিগুচ্ছকে পিছনের দিকে বর্ধিত করলে F বিন্দুতে মিলিত হবে। অতএব, চোখ বস্তুটাকে F বিন্দুতে দেখবে।

**প্রশ্ন ৩** জারিনের কিছুদিন ধরে বই পড়তে সমস্যা হচ্ছে। অন্যদিকে তার বড় বোন রিফা দূরের কোন বস্তু ভালোভাবে দেখতে পায়না। এ অবস্থায় তারা ডাক্তারের শরণাপন্ন হলো। ডাক্তার জারিনের জন্য এক ধরনের লেন্স দিলেও রিফার জন্য ভিন্ন ধরনের লেন্স ব্যবহারের পরামর্শ দিলেন।

◀ শিখনফল-৬ ও ৭ / ক্র. বো. ২০১৬/

- |   |   |
|---|---|
| ক. আলোর প্রতিসরণ কাকে বলে?  | ১ |
| খ. লেন্সের ক্ষমতা বলতে কী বোঝায়?   | ২ |
| গ. জারিন চোখের কোন ধরনের ত্রুটিতে আক্রান্ত? ব্যাখ্যা করো।                           | ৩ |
| ঘ. জারিন ও রিফার জন্য ভিন্ন ভিন্ন লেন্স ব্যবহারের পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। | ৪ |

### ৩ নং প্রশ্নের উত্তর


**ক** আলোক রশ্মি যখন এক স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে তির্যকভাবে আপতিত হয় তখন মাধ্যম দুটির বিভেদতলে আলোক রশ্মির দিক পরিবর্তন করার ঘটনাকে আলোর প্রতিসরণ বলে।

**খ** একগুচ্ছ সমান্তরাল আলোক রশ্মিকে কোনো লেন্সের অভিসারী (উত্তল লেন্সে) গুচ্ছ বা অপসারী (অবতল লেন্সে) গুচ্ছ পরিণত করার প্রবণতাই হলো লেন্সের ক্ষমতা। অর্থাৎ একগুচ্ছ সমান্তরাল রশ্মিকে যত তাড়াতাড়ি এক বিন্দুতে একত্রিত (উত্তল লেন্সে) বা অপসারী (অবতল লেন্সে) করতে পারে যায় ঐ লেন্সের ক্ষমতা তত বেশি হয়। লেন্সের ক্ষমতার প্রচলিত একক হলো ডাইঅপ্টার এবং S.I একক হলো রেডিয়ান/মিটার। লেন্সের ক্ষমতা ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে।

**গ** উদ্দীপক হতে দেখা যায়, জারিন কাছের জিনিস স্পষ্ট দেখতে পায় না। সাধারণত চোখ যখন দূরের বস্তু দেখে কিন্তু কাছের বস্তু দেখতে পায় না তখন এই ত্রুটিকে বলা হয় দীর্ঘদৃষ্টি। তাই বলা যায় জারিনের চোখ দীর্ঘদৃষ্টি ত্রুটিতে আক্রান্ত। তার এই ত্রুটি নিচের দুটি কারণে হয়ে থাকে—

১. চোখের লেন্সের অভিসারী ক্ষমতা হ্রাস পেলে অথবা চোখের লেন্সের ফোকাস দূরত্ব বৃদ্ধি পেলে।
২. কোনো কারণে অক্ষি-গোলকের ব্যাসার্ধ হ্রাস পেলে এ ধরনের ত্রুটি দেখা দেয়।

কারণ তখন স্বাভাবিক নিকট বিন্দু (N) হতে নির্গত আলোক রশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার পিছনে (F) বিন্দুতে মিলিত হয় (চিত্র-ক)। ফলে চোখ কাছের বস্তু দেখতে পায় না।



চিত্র-ক : দীর্ঘদৃষ্টি ত্রুটি

**ঘ** যখন চোখ কাছের বস্তু দেখতে পায় কিন্তু দূরের বস্তু দেখতে পায় না তখন চোখের এই ত্রুটিকে ক্ষীণদৃষ্টি ত্রুটি বলে।

উদ্দীপক হতে দেখা যায় রিফার দূরের জিনিস দেখতে সমস্যা হয়। সুতরাং রিফা ক্ষীণদৃষ্টিতে আক্রান্ত। অপরদিকে জারিন দীর্ঘদৃষ্টি ত্রুটিতে আক্রান্ত।

জারিনের চোখের সমস্যা থেকে ভিন্ন ধরনের সমস্যা থাকায় ডাক্তার রিফাকে ভিন্ন ধরনের লেন্স ব্যবহারের পরামর্শ দিলেন।

রিফার ক্ষেত্রে, দূরের বস্তু থেকে নির্গত আলোক রশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার সামনের (F) বিন্দুতে প্রতিবিম্ব গঠন করে। ফলে চোখ বস্তু দেখতে পায় না। এই সমস্যা দূর করার জন্য ডাক্তার রিফাকে অবতল লেন্সের চশমা ব্যবহার করার পরামর্শ দিলেন। কেননা এই চশমার লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্ব হতে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্স এর মধ্যে দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজন মতো অপসারিত হয় এবং অপসারিত রশ্মিগুলো চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনা বা অক্ষিপটে পড়ে। ফলে বস্তু স্পষ্ট দেখা যায়।

অপরদিকে, জারিনের চোখে স্বাভাবিক নিকট বিন্দু হতে নির্গত আলোকরশ্মি চোখের লেন্সের মধ্যে দিয়ে প্রতিসরণের পর রেটিনার পিছনের বিন্দুতে মিলিত হয়। ফলে চোখে কাছের বস্তু দেখতে পায় না। এই সমস্যা দূর করার জন্য চোখের সামনে একটি উত্তল লেন্সের চশমা ব্যবহার করা দরকার, যা চোখের নিকটবিন্দু হতে নির্গত আলোক রশ্মি চোখের রেটিনার উপর ফেলতে সাহায্য করে।

উপর্যুক্ত কারণে ডাক্তার জারিন ও রিফার চোখের জন্য ভিন্ন ধরনের লেন্স ব্যবহারের পরামর্শ দেন।

**প্রশ্ন ৪** এনায়েত সাহেব ইদানিং দূরের বস্তু ভালো দেখতে পান না এবং তার ছোট ভাই সফিক সাহেব একটি পত্রিকা অফিসে কম্পিউটারে কাজ করেন। প্রায়ই তাকে রাতে কাজ করতে হয়। এতে তার খাবারে অনিয়ম হওয়ায় চোখে সমস্যাসহ অন্যান্য শারীরিক সমস্যা দেখা দেয়। দুজনেই ডাক্তারের শরণাপন্ন হলে ডাক্তার তাদের চোখ পরীক্ষা করে এনায়েত সাহেবকে চোখের ত্রুটি দূর করার জন্য চশমা দিলেন আর সফিক সাহেবকে চোখ ভালো রাখার উপদেশসহ ব্যবস্থাপত্র দিলেন।

◀ শিখনফল-৭ ও ৮ / ক্র. বো. ২০১৬/


- |   |   |
|---|---|
| ক. লেন্স কাকে বলে?  | ১ |
| খ. কোনো লেন্সের ক্ষমতা +2D বলতে কী বোঝায়?                                  | ২ |
| গ. এনায়েত সাহেবের চোখের ত্রুটির প্রতিকার ব্যাখ্যা করো।                     | ৩ |
| ঘ. ডাক্তারের উপদেশ অনুযায়ী সফিক সাহেবের চোখ ভালো রাখার উপায় বিশ্লেষণ করো। | ৪ |

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** দুটি গোলায় পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ কোনো স্বচ্ছ প্রতিসারক মাধ্যমকে লেন্স বলে।

**খ** কোনো লেন্সের ক্ষমতা +2D বলতে বোঝায় লেন্সটি উত্তল এবং এটি প্রধান অক্ষের সমান্তরাল আলোক রশ্মিগুচ্ছকে 50 সে.মি. দূরের বিন্দুতে মিলিত করতে পারবে।

**গ** এনায়েত সাহেব দূরের বস্তু ঠিকমতো দেখতে পারেন না, অর্থাৎ তিনি হ্রস্বদৃষ্টি সমস্যায় ভুগছেন। চোখের সমস্যা দূর করার জন্য এমন একটি অবতল লেন্সের চশমা ব্যবহার করতে হবে যার ফোকাস দূরত্ব হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্বের সমান।



চিত্র- হ্রস্বদৃষ্টি ত্রুটির সমাধান

এই অবতল লেন্সের চশমার অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্বের বস্তু থেকে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্স L (চিত্র) এর মধ্য দিয়ে চোখের পড়ার সময় প্রয়োজনমতো অপসারিত হয় এবং অপসারিত রশ্মিগুলো চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনা বা অক্ষিপট R এর ওপর পড়ে। এই অপসারিত রশ্মিগুচ্ছকে পেছনের দিকে বর্ধিত করলে এরা I বিন্দুতে মিলিত হবে। অতএব চোখ বস্তুটিকে I বিন্দুতে দেখবে এবং I বিন্দুই হ্রস্বদৃষ্টি দীর্ঘতম দূরত্ব।

এভাবে অবতল লেন্স ব্যবহারের মাধ্যমে এনায়েত সাহেবের চোখের ত্রুটি প্রতিকার করা সম্ভব।

**ঘ** ডাক্তার সফিক সাহেবকে চোখ ভালো রাখার উপায় সম্পর্কে উপদেশ দেবার পাশাপাশি ঔষধ দিলেন।

সফিক সাহেবের চোখ ভাল রাখতে ডাক্তার সাহেবের পরামর্শগুলো হলো— সঠিক জীবনধারা অনুসরণ, দৈনন্দিন কার্যক্রমে পর্যাপ্ত আলো ব্যবহার, সঠিক পদ্ধতিতে বইপড়া বা কম্পিউটার ব্যবহার করা ইত্যাদি।

চোখ ভালো রাখার জন্য সঠিক পুষ্টি গ্রহণ খুবই দরকার। এজন্য প্রথমে সঠিক খাবার নির্বাচন করতে হবে। ভিটামিন এ, সি ও ই সমৃদ্ধ খাবার; ফ্যাটি এসিড যুক্ত খাবার, জিংক সমৃদ্ধ খাবার, গাঢ় সবুজ শাকসবজি ও বিভিন্ন ফল চোখের জন্য খুবই ভালো। এ ধরনের খাবার চোখকে রোগমুক্ত রাখতে সহায়তা করে।

চোখের সঠিক যত্নের জন্য সঠিক জীবনধারণ পদ্ধতি মেনে চলতে হবে। সারাদিন পরিশ্রমের পর শরীরের মতো চোখও ক্লান্ত হয়ে পড়ে। চোখকে পুণরায় সতেজ করতে নির্দিষ্ট পরিমাণে ঘুমের প্রয়োজন। তাই এই নির্ধারিত সময় ঘুম নিশ্চিত করতে হবে। এছাড়া গবেষণায় দেখা গেছে, ধূমপানও চোখের ক্ষতি করে। তাই ধূমপান থেকে বিরত থাকতে হবে। প্রখর রোদে বাইরে বেরুলে সাবধানতা হিসেবে 'সানগ্লাস' ব্যবহার করা জরুরি। এক্ষেত্রে অতিবেগুনি রশ্মি প্রতিহত করতে সক্ষম এমন সানগ্লাস ব্যবহার করতে হবে।

আবছা বা অপরিষ্কার আলো চোখের জন্য ক্ষতিকর। কক্ষের আলো পর্যাপ্ত রাখতে হবে যেন পড়তে অসুবিধা না হয়। চোখকে যদি ক্লান্ত মনে হয় তবে না পড়ে বরং বিশ্রাম নেওয়াই ভালো।

চোখের স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্ব থেকে কম বা বেশি দূরত্বে রেখে বই বা কিছু পড়লে চোখে চাপ পড়ে। তাই সঠিক দূরত্বে রেখে পড়তে হয়। অনেকক্ষণ ধরে কম্পিউটার ব্যবহার করলে চোখ ক্লান্ত হয়ে পড়ে। দীর্ঘক্ষণ কম্পিউটার ব্যবহারে চোখের ক্ষতি হয়। এই ক্ষতি থেকে চোখকে রক্ষা করতে নির্দিষ্ট দূরত্বে থেকে ও বিরতি দিয়ে কম্পিউটার ব্যবহার করা উচিত।

উপরিউক্ত বিষয়গুলোর প্রতি সচেতন থাকলে সফিক সাহেব চোখের সমস্যা থেকে অনেকটাই মুক্ত থাকবেন।

**প্রশ্ন ৫** ফারহান ক্লাসে পিছনের বেঞ্চে বসে বোর্ডের লেখা কিছুই ভাল দেখতে পায় না। এজন্য শিক্ষক ওকে সামনের বেঞ্চে বসান।

◀ শিখনফল-৬ ও ৭ / স্ব. বো. ২০১৬/

- |  |   |
|--|---|
| ক. লেন্সের ক্ষমতার এসআই একক কী?                                      | ১ |
| খ. অন্ধকার ও তীব্র আলোর অনুভূতি চোখ কীভাবে বুঝতে পারে?               | ২ |
| গ. ফারহানের সমস্যার কারণ ব্যাখ্যা করো।                               | ৩ |
| ঘ. কী ব্যবস্থা গ্রহণ করলে ফারহানের সমস্যার সমাধান হবে? বিশ্লেষণ করো। | ৪ |

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** লেন্সের ক্ষমতার এসআই একক হলো রেডিয়ান/মিটার।


**খ** মানুষের চোখে রড ও কোণ কোষ নামক দুটি বিশেষ কোষ থাকে। রড কোষ অন্ধকার বা কম আলোতে সক্রিয় হয় এবং দেখতে সহায়তা করে। আর কোণ কোষ তীব্র আলোতে সক্রিয় হয়ে বিভিন্ন বস্তু দেখায়। মূলত এ দুটি কোষই অন্ধকার ও তীব্র আলোর অনুভূতি চোখকে বোঝাতে সহায়তা করে।

**গ** আমরা জানি, যখন চোখ কাছের বস্তু দেখতে পায় কিন্তু দূরের বস্তু দেখতে পায় না, তখন চোখের এই ত্রুটিকে হ্রস্বদৃষ্টি বলে। যেহেতু ফারহান কাছ হতে বোর্ডের লেখা দেখতে পারে, কিন্তু দূর থেকে স্ল্যাকবোর্ডে শিক্ষকের লেখা স্পষ্ট দেখতে পায় না তাই তার চোখ হ্রস্বদৃষ্টি ত্রুটিগ্রস্ত। এরূপ চোখের দূর বিন্দুটি অসীম দূরত্ব হতে খানিকটা নিকটে থাকে এবং বস্তুকে স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব হতে আরও কাছে আনলে অধিকতর স্পষ্ট দেখায়। নিম্নলিখিত দুটি কারণে হ্রস্বদৃষ্টি ত্রুটি হয়ে থাকে।


- চোখের লেন্সের অভিসারী ক্ষমতা বৃদ্ধি পেলে ও
- কোনো কারণে অক্ষি গোলকের ব্যাসার্ধ বৃদ্ধি পেলে।

হ্রস্বদৃষ্টি ত্রুটির ক্ষেত্রে দূরের বস্তু হতে নির্গত আলোকরশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার সামনে I বিন্দুতে প্রতিবিম্ব গঠন করে (চিত্র-ক)। রেটিনায় প্রতিবিম্ব গঠিত না হওয়ায় লক্ষ্যবস্তুকে অস্পষ্ট দেখায়।

কিন্তু চোখের নিকটে অবস্থিত লক্ষ্যবস্তু হতে আলো আসলে তা ত্রুটিপূর্ণ চক্ষু লেন্সে প্রতিসরণের পর রেটিনায় প্রতিবিম্ব গঠন করে (চিত্র-খ)। তাই নিকটের বস্তুসমূহ স্পষ্ট দেখা যায়।




চিত্র : ক



চিত্র : খ

**ঘ** ফারহান হ্রস্বদৃষ্টি ত্রুটিতে আক্রান্ত। তাই অবতল লেন্স ব্যবহার করে ফারহানের সমস্যার সমাধান করা যাবে।

ফারহানের চশমায় ব্যবহৃত অবতল লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্বের বস্তু থেকে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্স L (চিত্র-ক) এর মধ্য দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজনমতো অপসারিত হয় এবং অপসারিত রশ্মিগুলো চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনা বা অক্ষিপট R এর ওপর পড়ে। এই অপসারিত রশ্মিগুচ্ছকে পেছনের দিকে বর্ধিত করলে এরা I বিন্দুতে মিলিত হবে। অতএব চোখ বস্তুটিকে I বিন্দুতে দেখবে এবং I বিন্দুই হ্রস্ব দৃষ্টির দীর্ঘতম দূরত্ব।



চিত্র-ক

অতএব উপরোক্ত আলোচনা থেকে বলা যায় যে, ডাক্তারের পরামর্শটি যৌক্তিক।

**প্রশ্ন ৬** দশম শ্রেণির ছাত্র রিপন অনেক দিন থেকে লক্ষ করল তার বাবা প্রায়ই খবরের কাগজ চোখের খুব কাছাকাছি নিয়ে পড়ে। রিপন ভাবল এবং বিষয়টা ক্লাসে বিজ্ঞান শিক্ষককে বলল। এতে তার পরামর্শক্রমে রিপন তার বাবাকে একজন চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাক্তারের কাছে নিয়ে গেলে ডাক্তার চোখ পরীক্ষা করে এক ধরনের ত্রুটির কথা বলল এবং এক বিশেষ ধরনের চশমা পড়ার পরামর্শ দিল।

◀ শিখনফল-৬ ও ৭ / স্ব. বো. ২০১৬/


- ক. লেন্সের ক্ষমতার এস.আই একক কী? ১  
 খ. নিরাপদ ড্রাইভিং বলতে কী বোঝায়? ২  
 গ. রিপনের বাবার চোখে যে ধরনের ত্রুটি হয়েছে তার কারণ চিত্রসহ বর্ণনা করো। ৩  
 ঘ. ডাক্তার রিপনের বাবাকে যে ধরনের লেন্সের চশমা ব্যবহার করার পরামর্শ দিলেন তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

ক. লেন্সের ক্ষমতার এসআই একক রেডিয়ান/মিটার।

খ. নিরাপদে ড্রাইভিং হলো দুর্ঘটনা এড়িয়ে সঠিক নিয়মনীতি মেনে গাড়ি চালানো। নিরাপদ ড্রাইভিং এর ক্ষেত্রে তিনটি দর্পণ ব্যবহৃত হয়। গাড়ির সামনের দরজার সম্মুখ দিকে দু'পাশে দুটি এবং গাড়ির ভিতরে সামনের দিকে মাঝখানে একটি দর্পণ লাগানো থাকে। গাড়ির দুপাশে এবং পিছনের দিকে দেখার কাজে দর্পণ তিনটি ড্রাইভারকে সাহায্য করে। এতে ড্রাইভারকে শরীরে কোনো রকম মোচড় দিতে বা নাড়াতে হয় না।

গ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী রিপনের বাবা দীর্ঘদৃষ্টি ত্রুটি বা হাইপারমেট্রোপিয়া রোগে আক্রান্ত। এ রোগের কারণে রিপনের বাবা খবরের কাগজ তার চোখের খুব কাছাকাছি নিয়ে পড়েন। তার কাছের বস্তু দেখতে সমস্যা হলেও দূরের কোনো বস্তু দেখতে সমস্যা হয় না। তাই বলা যায় তার চোখে দীর্ঘদৃষ্টি ত্রুটি ছিল। নিম্নলিখিত কারণে এই ত্রুটি দেখা যায়—




চিত্র : দীর্ঘদৃষ্টি ত্রুটি

- (i) চোখের লেন্সের অভিসারী ক্ষমতা হ্রাস পেলে অথবা চোখের লেন্সের ফোকাস দূরত্ব বৃদ্ধি পেলে।  
 (ii) কোনো কারণে অক্ষিগোলকের ব্যাসার্ধ হ্রাস পেল।

এর ফলে স্বাভাবিক নিকট বিন্দু (N) হতে নির্গত আলোকরশ্মি চোখের লেন্সে প্রতিসরণের পর রেটিনার ওপর মিলিত না হয়ে রেটিনার পিছনে I বিন্দুতে মিলিত হয়। ফলে, চোখ কাছের বস্তু স্পষ্ট দেখতে পায় না।

ঘ. রিপনের বাবার চোখে যে সমস্যা হয়েছিল সেটি হলো দীর্ঘ দৃষ্টি ত্রুটি। এক্ষেত্রে তার চোখের অভিসারী ক্ষমতা হ্রাস পেয়েছে অর্থাৎ চোখের লেন্সের ফোকাস দূরত্ব বৃদ্ধি পেয়েছে।


চোখের অভিসারী ক্ষমতা বৃদ্ধি এবং চোখের লেন্সের ফোকাস দূরত্ব হ্রাস করার জন্য তাকে উত্তল লেন্সের চশমা ব্যবহার করতে হবে। ডাক্তার তাকে উত্তল লেন্স বিশিষ্ট চশমা ব্যবহারের পরামর্শ দিয়েছিলেন।




চিত্র : হাইপারমেট্রোপিয়ার সমাধান

ডাক্তারের পরামর্শ অনুযায়ী রিপনের বাবা উত্তল লেন্সের চশমা ব্যবহার করলে চোখের স্পষ্ট দৃষ্টির নিকটতম বিন্দু N হতে নির্গত আলোকরশ্মি এই সাহায্যকারী লেন্সে এবং চোখের লেন্সে পরপর দুবার প্রতিসরিত হওয়ার পর প্রয়োজন মতো অভিসারী হয়ে রেটিনা R এর ওপরে পড়বে। এই প্রতিসরিত রশ্মিগুলোকে পিছনের দিকে বর্ধিত করলে এরা N1 বিন্দুতে মিলিত হবে। অতএব চোখ বস্তুটিকে N1 বিন্দুতে দেখবে এবং N1 বিন্দুতে দীর্ঘ দৃষ্টির নিকটতম দূরত্ব সৃষ্টি হবে। তাই বলা যায়, ডাক্তারের পরামর্শটি পুরোপুরি যথার্থ।

### প্রশ্ন ৭



চিত্র-A



চিত্র-B

◀ শিখনফল-৬ ও ৭/ঢা. বো. ২০১৫/

- ক. মাধ্যাকর্ষণ বল কাকে বলে? ১  
 খ. নিউটনের দ্বিতীয় সূত্রটি ব্যাখ্যা করো। ২  
 গ. চিত্র A এ প্রদর্শিত চোখের ত্রুটি ব্যাখ্যা করো। ৩  
 ঘ. চিত্র B এ প্রদর্শিত চোখের ত্রুটি প্রতিকারের উপায় বিশ্লেষণ করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

ক. এ মহাবিশ্বের সকল বস্তু এদের ভরের দ্রুণ পরস্পরের উপর বল প্রয়োগ করে বা একে অপরকে নিজের দিকে টানে। এ বলকে বলা হয় মাধ্যাকর্ষণ বল।

খ. নিউটনের গতির দ্বিতীয় সূত্রটি হলো— কোনো বস্তুর ভরবেগের পরিবর্তনের হার এর ওপর প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যেদিকে ক্রিয়া করে ভরবেগের পরিবর্তনও সেদিকে ঘটে।

কোনো বস্তুর ভর m, আদিবেগ u এবং এর ওপর F বল প্রয়োগ করায় t সময় পরে শেষবেগ v হলে,

$$t \text{ সময়ে ভরবেগের পরিবর্তন} = mv - mu$$


$$\therefore \text{ভরবেগের পরিবর্তনের হার} = \frac{mv - mu}{t}$$

নিউটনের গতির ২য় সূত্রানুসারে,  $F \propto \frac{mv - mu}{t}$

গ. চিত্র A এ প্রদর্শিত চিত্র অনুযায়ী, দূর থেকে আগত আলোক রশ্মিসমূহ চক্ষুলেন্সে প্রতিসরণের পর রেটিনার সামনে কোনো বিন্দুতে মিলিত হয় বা ফোকাস করে। সুতরাং চোখের এ ত্রুটি হলো হ্রস্বদৃষ্টি বা ক্ষীণদৃষ্টি। চক্ষুলেন্সের ফোকাস দূরত্ব কমে গেলে বা অভিসারী ক্ষমতা বেড়ে গেলে অথবা চক্ষুগোলকের ব্যাসার্ধ বেড়ে গেলে এরূপ ত্রুটি দেখা দেয়। কাছের বস্তু থেকে আগত আলোকরশ্মিসমূহ চক্ষুলেন্সে প্রতিসরণের পর রেটিনার ওপর বিশ্ব গঠন করে। সুতরাং হ্রস্বদৃষ্টি সম্পন্ন চোখ কাছের বস্তুসমূহ স্পষ্ট দেখতে পেলেও দূরের বস্তুসমূহকে স্পষ্ট দেখতে পায় না। অপসারী ক্ষমতাসম্পন্ন অবতল লেন্সের চশমা ব্যবহার করে চোখের এ ত্রুটি দূর করা যায়।

ঘ. চিত্র B এ প্রদর্শিত চিত্রানুযায়ী, বস্তু থেকে আগত আলোকরশ্মিসমূহ চক্ষুলেন্সে প্রতিসরণের পর রেটিনার পেছনে কোনো বিন্দুতে মিলিত হয় বা ফোকাস করে। সুতরাং চোখের এ ত্রুটি হলো দীর্ঘদৃষ্টি।

প্রতিকার: চোখের লেন্সের অভিসারী ক্ষমতা কমে যাওয়ার জন্য এ ত্রুটির উদ্ভব হয়। তাই এ ত্রুটি দূর করার জন্য তথা উক্ত চোখের অভিসারী ক্ষমতা বাড়ানোর জন্য সহায়ক লেন্স হিসেবে উত্তল লেন্স ব্যবহার করা হয়।



চিত্র : ক

তাহাড়া একমাত্র উত্তল লেন্সই লক্ষ্যবস্তুর চেয়ে দূরে সোজা অবাস্তব বিশ্ব গঠন করে বলে এক্ষেত্রে চোখের লেন্সের সহায়ক লেন্স হিসেবে এমন

ক্ষমতা তথা ফোকাস দূরত্ববিশিষ্ট উত্তল লেন্স ব্যবহার করতে হবে যা স্বাভাবিক চোখের নিকট বিন্দু N এ স্থাপিত লক্ষবস্তুর বিষয় ত্রুটিপূর্ণ চোখের নিকট বিন্দু O তে গঠন করে। তাহলে N বিন্দুতে স্থাপিত লক্ষবস্তু থেকে আগত রশ্মিগুচ্ছ সহায়ক লেন্স বা চশমা হিসেবে ব্যবহৃত উত্তল লেন্সে প্রতিসৃত হয়ে O বিন্দুতে অবাস্তব বিষয় গঠন করে। এ বিষয়টি ত্রুটিপূর্ণ চোখের নিকট বিন্দুতে গঠিত হওয়ায় চোখ বিনা শ্রান্তিতে তা দেখতে পারে।

**প্রশ্ন ▶ ৮** শিক্ষক ব্ল্যাকবোর্ডে কিছু তথ্য লিখে সবাইকে বোর্ড থেকে খাতায় লিখতে বললেন। সাবিনা তখন বোর্ড থেকে না লিখে পাশের সহপাঠির খাতা দেখে লিখছিল। শিক্ষক তখন সাবিনাকে অন্যের খাতা দেখে লেখার কারণ জিজ্ঞেস করলেন। সাবিনা বলল, সে বোর্ডের লেখা কিছুই দেখতে পারছে না। শিক্ষক সাবিনাকে ডাক্তার দেখানোর পরামর্শ দিলেন।


- ◀ *শিখনফল-৬ ও ৭/স্না. বো.-২০১৫/*
- |  |   |
|--|---|
| ক. ফোকাস দূরত্ব কী?  | ১ |
| খ. পাহাড়ি রাস্তায় ড্রাইভিং করা বিপজ্জনক কেন?               | ২ |
| গ. সাবিনার সমস্যার কারণ ব্যাখ্যা করো।                        | ৩ |
| ঘ. কীভাবে সাবিনার চোখের সমস্যা সমাধান করা যায় বিশ্লেষণ করো। | ৪ |

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** লেন্সের আলোক কেন্দ্র থেকে প্রধান ফোকাস পর্যন্ত দূরত্বকে লেন্সের ফোকাস দূরত্ব বলে।

**খ** পাহাড়ি রাস্তা সাধারণত আঁকাবাঁকা হয়। অনেক সময় এমনও অদৃশ্য বাঁক থাকে যে পরবর্তী রাস্তাটি প্রায় ৯০° কোণে থাকে। ফলে বিপরীত দিক থেকে আসা কোনো যানবাহন সম্পর্কে ধারণা করা যায় না। এই কারণে পাহাড়ি রাস্তায় ড্রাইভিং করা বিপজ্জনক।

**গ** সাবিনার চোখের সমস্যা হলো সে দূর থেকে ব্ল্যাকবোর্ডের লেখা স্পষ্ট দেখতে পায় না। চোখের এ ধরনের ত্রুটিকে বলা হয় হ্রস্বদৃষ্টি ত্রুটি। সাধারণত দুইটি কারণে তার চোখে এ সমস্যা হতে পারে। একটি হলো তার চোখের লেন্সের অভিসারী ক্ষমতা বৃদ্ধি পেয়েছে অথবা চোখের লেন্সের ফোকাস দূরত্ব হ্রাস পেয়েছে। অপরটি হলো কোনো কারণে চোখের অক্ষি-গোলকের ব্যাসার্ধ বৃদ্ধি পেয়েছে। ফলে দূরের বিন্দু হতে নির্গত আলোকরশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার F বিন্দুতে মিলিত হয় (চিত্র-ক)। ফলে চোখ দূরের বস্তু দেখতে পায় না।




চিত্র-ক : হ্রস্বদৃষ্টি ত্রুটি

**ঘ** সাবিনার চোখের হ্রস্বদৃষ্টি ত্রুটির প্রতিকার হিসেবে অবতল লেন্সের চশমা ব্যবহার করতে হবে।

দূরের বস্তু হতে নির্গত আলোক রশ্মি পাপিয়ার চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার সামনের বিন্দুতে প্রতিবিষয় গঠন করে। ফলে দূরের বস্তু চোখ দেখতে পায় না।

এই সমস্যা দূর করার জন্য ডাক্তার এমন একটি অবতল লেন্সের চশমা দিলেন যার ফোকাস দূরত্ব হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্বের সমান।

এই চশমা লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্বের বস্তু হতে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্সে L (চিত্র-খ) এর মধ্য দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজনমতো অপসারিত হয় এবং অপসারিত রশ্মিগুলো চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনা বা অক্ষিপট R-এর ওপর পড়ে। এই অপসারিত রশ্মিগুচ্ছকে পিছনের দিকে বর্ধিত করে, এরা I বিন্দুতে মিলিত হবে। অতএব চোখ বস্তুটিকে I বিন্দুতে দেখবে এবং I বিন্দুই হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্ব।



চিত্র-খ: হ্রস্বদৃষ্টির

সূতরাং উপর্যুক্ত আলোচনা থেকে বলা যায়, সাবিনার চোখের সমস্যার প্রতিকার হিসেবে চশমা ব্যবহার করতে বলা সম্পূর্ণ যৌক্তিক।


- প্রশ্ন ▶ ৯** মনি হঠাৎ একদিন বইয়ের লেখা ঝাপসা দেখছে, অথচ বইয়ের ও তার চোখের দূরত্ব (২৫-৩০) সে.মি.। এই কারণে তার বাবা তাকে ডাক্তারের কাছে নিয়ে গেলেন এবং ডাক্তার পরীক্ষা নিরীক্ষা করে তাকে উত্তল লেন্সের চশমা ব্যবহার করতে বলেন এবং কম বয়স হতেই চোখ ভাল রাখার জন্য তাঁদের পরামর্শ দিলেন।
- ◀ *শিখনফল-৬ ও ৭/স্না. বো.-২০১৫/*
- |   |
|---|
| ক. স্বাভাবিক বয়স্ক লোকের স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব কত? ১                       |
| খ. নিরাপদ ড্রাইভিং-এ দর্পণের ভূমিকা কী? ২   |
| গ. ডাক্তার মনিকে উত্তল লেন্সের চশমা ব্যবহার করতে বললেন কেন? চিত্রসহ ব্যাখ্যা করো। ৩ |
| ঘ. ডাক্তার মনি ও তার বাবাকে কিসের জন্য এবং কী ধরনের পরামর্শ দিলেন— বিশ্লেষণ করো। ৪  |

**৯ নং প্রশ্নের উত্তর**


**ক** স্বাভাবিক বয়স্ক লোকের স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব হলো 25 cm।

**খ** গাড়ি নিরাপদে ড্রাইভিং করার অন্যতম শর্ত হলো নিজ গাড়ির আশেপাশে সর্বদা কী ঘটছে তা খেয়াল রাখা। এ কাজটিতে দর্পণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যেমন— সাধারণত গাড়ির সামনের দরজার দিকে দুপাশে দুটি দর্পণ ব্যবহার করতে হয়। এছাড়া গাড়ির ভিতরে সামনের দিকে মাঝখানে আরেকটি দর্পণ থাকে। এগুলো গাড়ির দুপাশে এবং পিছনের দিকে দেখার কাজে সহায়তা করে। ফলে ড্রাইভারকে শরীরে কোনো রকম মোচড় দিতে বা নাড়াতে হয় না। এর ফলে ড্রাইভার তার হাতকে সর্বদা হুইলে রেখে সমানে বা পিছনের দিকে নজর রেখে নিরাপদে গাড়ি চালানো সহজ হয়।

**গ** মনি দীর্ঘদৃষ্টি ত্রুটিতে আক্রান্ত।



চিত্র (ক)



চিত্র (খ)

চিত্র : দীর্ঘদৃষ্টি ও তার প্রতিকার

মনির চোখে স্বাভাবিক নিকট বিন্দু (N) হতে নির্গত আলোক রশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার পেছনে I বিন্দুতে মিলিত হয় [চিত্র-ক]। ফলে চোখ কাছের বস্তু স্পষ্ট দেখতে পায় না।

এই সমস্যা দূর করার জন্য চোখের সামনে একটি উত্তল লেন্সের চশমা ব্যবহার করলে স্পষ্ট দর্শনের নিকটতম বিন্দু (N) হতে নির্গত আলোক রশ্মি এই সাহায্যকারী লেন্সে এবং চোখের লেন্সে পর পর দুইবার প্রতিসরিত হবার পর প্রয়োজনমতো অভিসারী হয়ে রেটিনা (R) এর উপরে পড়বে। এই প্রতিসরিত রশ্মিগুলোকে পিছনের দিকে বর্ধিত করলে এরা O বিন্দুতে মিলিত হবে (চিত্র-খ)। অতএব মনির চোখ বস্তুটিকে O বিন্দুতে দেখবে এবং এই O বিন্দুই দীর্ঘদৃষ্টির নিকটতম দূরত্ব।

সূতরাং মনির জন্য ডাক্তারের উত্তল লেন্স ব্যবহারের পরামর্শের যৌক্তিকতা রয়েছে।

**ঘ** ডাক্তার মনি ও তার বাবাকে চোখ ভালো রাখার উপায় সম্পর্কে উপদেশ দেবার পাশাপাশি ঔষধ দিলেন।

সফিক সাহেবের চোখ ভাল রাখতে ডাক্তার সাহেবের পরামর্শগুলো হলো— সঠিক জীবনধারা অনুসরণ, দৈনন্দিন কার্যক্রমে পর্যাপ্ত আলো ব্যবহার, সঠিক পদ্ধতিতে বইপড়া বা কম্পিউটার ব্যবহার করা ইত্যাদি।

চোখ ভালো রাখার জন্য সঠিক পুষ্টি গ্রহণ খুবই দরকার। এজন্য প্রথমে সঠিক খাবার নির্বাচন করতে হবে। ভিটামিন এ, সি ও ই সমৃদ্ধ খাবার; ফ্যাটি এসিড যুক্ত খাবার, জিংক সমৃদ্ধ খাবার, গাঢ় সবুজ শাকসবজি ও বিভিন্ন ফল চোখের জন্য খুবই ভালো। এ ধরনের খাবার চোখকে রোগমুক্ত রাখতে সহায়তা করে।

চোখের সঠিক যত্নের জন্য সঠিক জীবনধারণ পদ্ধতি মেনে চলতে হবে। সারাদিন পরিশ্রমের পর শরীরের মতো চোখও ক্লান্ত হয়ে পড়ে। চোখকে পুনরায় সতেজ করতে সারারাত ঘুমের প্রয়োজন। তাই এই নির্ধারিত সময় ঘুম নিশ্চিত করতে হবে। এছাড়া গবেষণায় দেখা গেছে, ধূমপানও চোখের ক্ষতি করে। তাই ধূমপান থেকে বিরত থাকতে হবে। প্রখর রোদে বাইরে বেরুলে সাবধানতা হিসেবে ‘সানগ্লাস’ ব্যবহার করা জরুরি। এক্ষেত্রে অতিবেগুনি রশ্মি প্রতিহত করতে সক্ষম এমন সানগ্লাস ব্যবহার করতে হবে। আবছা বা অপর্খাণ্ড আলো চোখের জন্য ক্ষতিকর। কক্ষের আলো পর্যাপ্ত রাখতে হবে যেন পড়তে অসুবিধা না হয়। চোখকে যদি ক্লান্ত মনে হয় তবে না পড়ে বরং বিশ্রাম নেওয়াই ভালো।

চোখের স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্ব থেকে কম বা বেশি দূরত্বে রেখে বই বা কিছু পড়লে চোখে চাপ পড়ে। তাই সঠিক দূরত্বে রেখে পড়তে হয়। অনেকক্ষণ ধরে কম্পিউটার ব্যবহার করলে চোখ ক্লান্ত হয়ে পড়ে। দীর্ঘক্ষণ কম্পিউটার ব্যবহারে চোখের ক্ষতি হয়। এই ক্ষতি থেকে চোখকে রক্ষা করতে নির্দিষ্ট দূরত্বে থেকে ও বিরতি দিয়ে কম্পিউটার ব্যবহার করা উচিত।

উপরিউক্ত বিষয়গুলোর প্রতি সচেতন থাকলে মনি ও তার বাবা চোখের সমস্যা থেকে অনেকটাই মুক্ত থাকবেন।

**প্রশ্ন ▶ ১০** মহসিন পিছনের বেঞ্চ থেকে বোর্ডের লেখা ঠিকমত পড়তে পারে না। অন্যদিকে তার দাদী কাছের বস্তু স্পষ্ট দেখতে পান না। ডাক্তার মহসিনকে  $-2.5D$  এবং তার দাদীকে  $+2.5D$  চশমা ব্যবহারের পরামর্শ দিলেন।

◀ শিখনফল-৬ ও ৭/৮. বো. -২০১৫/

- ক. দর্পণ কাকে বলে? ১  
খ. স্পষ্ট দর্শনের নিকটতম দূরত্ব  $25\text{cm}$ —কথাটি বুঝিয়ে লিখ। ২  
গ. মহসিন ও তার দাদীর চোখের সমস্যার কারণগুলো ব্যাখ্যা করো। ৩  
ঘ. দু'জনকে দুই ধরনের চশমা ব্যবহারের পরামর্শ দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে।

**খ** স্পষ্ট দর্শনের নিকটতম দূরত্ব  $25\text{cm}$  বলতে বুঝায়, চোখ হতে ন্যূনতম  $25\text{cm}$  দূরত্বে কোনো লক্ষ্যবস্তু রাখলে চোখে তা স্পষ্ট দেখা যায়। এর থেকে নিকটতর অবস্থানে লক্ষ্যবস্তু রাখলে তা আর স্পষ্ট দেখা যায় না।

**গ** মহসিন কাছের বস্তু স্পষ্ট দেখতে পেলেও দূরের বস্তু (যেমন— বোর্ডের লেখা) স্পষ্ট দেখতে পায় না। তার চোখের এ সমস্যা হলো ক্ষীণদৃষ্টি বা হ্রস্বদৃষ্টি। তার চোখের অক্ষিগোলকের আকার বড় হয়ে যাওয়ার কারণে এবং চক্ষুলেঙ্গের অভিসারী ক্ষমতা বেড়ে বা ফোকাস দূরত্ব কমে যাওয়ার কারণে এরূপ সমস্যা দেখা দেয়। ফলে দূরের বস্তু হতে নির্গত আলোক রশ্মি চোখের লেন্সের মধ্যে দিয়ে প্রতিসরণের পর রেটিনার সামনের বিন্দুতে প্রতিবিম্ব গঠন করে। ফলে চোখ বস্তু দেখতে পায় না।

আবার মহসিনের দাদী দূরের বস্তু স্পষ্ট দেখতে পেলেও কাছের বস্তু স্পষ্ট দেখতে পান না। সুতরাং উনার চোখে দীর্ঘদৃষ্টি ত্রুটি বা হাইপারমেট্রোপিয়া দেখা দিয়েছে। অক্ষিগোলকের ব্যাসার্ধ কমে যাওয়ার কারণে এবং চক্ষুলেঙ্গের অপসারী ক্ষমতা কমে বা ফোকাস দূরত্ব বেড়ে যাওয়ার কারণে এরূপ সমস্যা দেখা দেয়।

ফলে স্বাভাবিক নিকট বিন্দু হতে নির্গত আলোক রশ্মি চোখের লেন্সের মধ্যে দিয়ে প্রতিসরণের পর রেটিনার পিছনের বিন্দুতে মিলিত হয়। ফলে চোখ কাছের বস্তু দেখতে পায় না।

**ঘ** হ্রস্ব ত্রুটি দূর করার জন্য এমন একটি অবতল লেন্সের চশমা ব্যবহার করতে হবে যার ফোকাস দূরত্ব হ্রস্বদৃষ্টির দীর্ঘতম দূরত্বের সমান। এই চশমা লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তর লেন্সের অভিসারী ক্রিয়ার বিপরীতে ক্রিয়া করে। ফলে অসীম দূরত্বের বস্তু হতে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্স এর মধ্য দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজনমতো অপসারিত হয় এবং অপসারিত রশ্মিগুলো চোখের লেন্সে প্রতিসরিত হয়ে রেটিনা বা অক্ষিপট এর ওপর পড়ে। ফলে হ্রস্ব দৃষ্টিসম্পন্ন চোখ ঐ বস্তু স্পষ্ট দেখতে পায়।

দীর্ঘদৃষ্টি ত্রুটি দূর করার জন্য চোখের সামনে একটি উত্তল লেন্সের চশমা ব্যবহার করতে হবে। ফলে চোখের নিকটতম বিন্দু হতে নির্গত আলোক রশ্মি এই সাহায্যকারী লেন্সে এবং চোখের লেন্সে পর পর দুইবার প্রতিসরিত হবার পর প্রয়োজনমতো অভিসারী হয়ে রেটিনার উপরে পড়বে। ফলে দীর্ঘদৃষ্টিসম্পন্ন চোখ ঐ বস্তু স্পষ্ট দেখতে পায়। এ সকল কারণে ডাক্তার সাহেব মহসিন এবং তার দাদীর জন্য দু'ধরনের চশমা ব্যবহারের পরামর্শ দিলেন।

**প্রশ্ন ▶ ১১** ১২ বছরের মিনার দৃষ্টি শক্তি স্বাভাবিক। তার চশমা পরার খুব শখ হলো। তাই সে তার নানীর উত্তল লেন্সের চশমা ও তার ভাইয়ের অবতল লেন্সের চশমা পরে দেখল। কিন্তু উভয় চশমা ব্যবহারেই সে সবকিছু অস্পষ্ট দেখল।

◀ শিখনফল-৬ ও ৭/৮. বো. -২০১৫/

- ক. লেন্স কাকে বলে? ১  
খ. লেন্সের ক্ষমতা  $+1D$  বলতে কী বোঝায়? ২  
গ. মিনার ভাইয়ের চশমা ব্যবহারের কারণ চিত্রসহ ব্যাখ্যা করো। ৩  
ঘ. মিনাকে কী পন্থা অবলম্বন করলে তার চোখের অবস্থা নানী বা ভাইয়ের মতো হবে না? ব্যাখ্যা করো। ৪

### ১১ নং প্রশ্নের উত্তর


**ক** দুটি গোলকীয় পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ কোনো স্বচ্ছ প্রতিসারক মাধ্যমকে লেন্স বলে।

**খ** কোনো লেন্সের ক্ষমতা  $+1D$  বলতে বোঝায়, লেন্সটি উত্তল এবং এটি প্রধান অক্ষের  $1$  মিটার দূরে আলোক রশ্মিগুচ্ছকে মিলিত রাখে।


**গ** উদ্দীপকে হতে দেখা যায় মিনার ভাই অবতল লেন্সের চশমা ব্যবহার করে। অর্থাৎ মিনার ভাই হ্রস্বদৃষ্টি বা ক্ষীণদৃষ্টি ত্রুটিতে আক্রান্ত।

দূরের বস্তু হতে নির্গত আলোক রশ্মি তার চোখের মধ্যে দিয়ে প্রতিসরণের পর রেটিনার সামনে (I) বিন্দুতে প্রতিবিম্ব গঠন করে। ফলে সে বস্তু ঠিকমতো দেখতে পায় না। এ সমস্যা দূর করার জন্য সে অবতল লেন্স ব্যবহার করেন। কারণ এই লেন্সের অপসারী ক্রিয়া চোখের উত্তল লেন্সের অভিসারী বিপরীতে ক্রিয়া করে। ফলে বস্তু হতে নির্গত সমান্তরাল আলোক রশ্মি এই সাহায্যকারী অবতল লেন্সে L চিত্র- [চিত্র-খ] মধ্যে দিয়ে চোখে পড়ার সময় প্রয়োজন মতো অপসারিত হয়ে রেটিনা I এর উপর পড়ে। অপসারিত রশ্মিগুলোকে পিছনের দিকে বর্ধিত করলে এরা F বিন্দুতে মিলিত হয়। ফলে চোখ বস্তুটিতে F বিন্দুতে দেখ।

সুতরাং অবতল লেন্সের ফোকাস দূরত্ব ত্রুটিপূর্ণ চোখের দূরবিন্দুর সমান হতে হবে।



চিত্র : ক



চিত্র : খ

ঘ মিনা তার চোখের যন্ত্র নিলে তার চোখের অবস্থা নানী বা ভাইয়ের মতো হবে না। এক্ষেত্রে তাকে নিম্নোক্ত উপায়ে চোখের যন্ত্র নিবে। চোখ ভালো রাখার জন্য সঠিক পুষ্টি গ্রহণ খুবই দরকার। এজন্য প্রথমে সঠিক খাবার নির্বাচন করতে হবে। ভিটামিন এ, সি ও ই সমৃদ্ধ খাবার; ফ্যাটি এসিড যুক্ত খাবার, জিংক সমৃদ্ধ খাবার, গাঢ় সবুজ শাকসবজি ও বিভিন্ন ফল চোখের জন্য খুবই ভালো। এ ধরনের খাবার চোখকে রোগমুক্ত রাখতে সহায়তা করে।



### প্রশ্নব্যাংক

#### উত্তর সংকেতসহ প্রশ্ন

প্রশ্ন ▶ ১২ চোখ মানবদেহের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। চোখের ত্রুটির কারণে কারিমা ক্লাসে পিছনের বেঞ্চ থেকে ভালো দেখতে পায় না। তাকে বোর্ডের লিখা পড়তে সর্বদা সামনের বেঞ্চে বসতে হয়।

◀ শিখনফল-৬ ও ৮

- ক. আপতন কোণ কাকে বলে? ১  
খ. লেন্সের ক্ষমতা বলতে কী বোঝায়? ২  
গ. কারিমা চোখের কোন ধরনের ত্রুটিতে আক্রান্ত ব্যাখ্যা করো। ৩  
ঘ. উদ্দীপকের গুরুত্বপূর্ণ অঙ্গটি ভালো রাখার উপায় বিশ্লেষণ করো। ৪

#### ১২ নং প্রশ্নের উত্তর

ক আপতিত রশ্মি ও আপতন বিন্দুর উপর মাধ্যম দ্বয়ের বিভেদ তলের অভিলম্বের মধ্যবর্তী কোণকে আপতন কোণ বলে।

খ লেন্সের আলোকরশ্মিকে অভিসারী বা অপসারী করার যে ক্ষমতা তাকেই লেন্সের ক্ষমতা বলে। একগুচ্ছ সমান্তরাল আলোকরশ্মিকে লেন্স অভিসারী বা অপসারী করতে পারে। লেন্সের ক্ষমতাকে 'D' দ্বারা প্রকাশ করা হয়।




সুপার টিপস : প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে-


গ হ্রস্বদৃষ্টি ত্রুটির কারণ ব্যাখ্যা করো।

ঘ মানুষের চোখ ভালো রাখার উপায় বিশ্লেষণ করো।

#### প্রশ্ন ▶ ১৩



চিত্র ক



চিত্র খ

◀ শিখনফল-৬ ও ৭

- ক. হ্রস্বদৃষ্টি ত্রুটি কাকে বলে? ১  
খ. চোখের দীর্ঘদৃষ্টি কেন হয়? ২  
গ. চিত্র-ক কোন ত্রুটি নির্দেশ করে? চিত্র এঁকে ব্যাখ্যা করো। ৩  
ঘ. চিত্র-খ এ যে ধরনের ত্রুটি রয়েছে বলে মনে কর, তা সমাধান করা সম্ভব কি? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

#### ১৩ নং প্রশ্নের উত্তর

ক যখন চোখ কাছের বস্তু দেখতে পায় কিন্তু দূরের বস্তু দেখতে পায়না তখন তাকে হ্রস্বদৃষ্টি ত্রুটি বলে।

চোখের সঠিক যন্ত্রের জন্য সঠিক জীবনধারণ পদ্ধতি মেনে চলতে হবে। সারাদিন পরিশ্রমের পর শরীরের মতো চোখও ক্লান্ত হয়ে পড়ে। চোখকে পুনরায় সতেজ করতে সারারাত ঘুমের প্রয়োজন। তাই এই নির্ধারিত সময় ঘুম নিশ্চিত করতে হবে। এছাড়া গবেষণায় দেখা গেছে, ধূমপানও চোখের ক্ষতি করে। তাই ধূমপান থেকে বিরত থাকতে হবে। প্রখর রোদে বাইরে বেড়লে সাবধানতা হিসেবে 'সানগ্লাস' ব্যবহার করা জরুরি। এক্ষেত্রে অতিবেগুনি রশ্মি প্রতিহত করতে সক্ষম এমন সানগ্লাস ব্যবহার করতে হবে।

আবছা বা অপরিষ্কার আলো চোখের জন্য ক্ষতিকর। কক্ষের আলো পর্যাপ্ত রাখতে হবে যেন পড়তে অসুবিধা না হয়। চোখকে যদি ক্লান্ত মনে হয় তবে না পড়ে বরং বিশ্রাম নেওয়াই ভালো।

চোখের স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্ব থেকে কম বা বেশি দূরত্বে রেখে বই বা কিছু পড়লে চোখে চাপ পড়ে। তাই সঠিক দূরত্বে রেখে পড়তে হয়। অনেকক্ষণ ধরে কম্পিউটার ব্যবহার করলে চোখ ক্লান্ত হয়ে পড়ে। দীর্ঘক্ষণ কম্পিউটার ব্যবহারে চোখের ক্ষতি হয়। এই ক্ষতি থেকে চোখকে রক্ষা করতে নির্দিষ্ট দূরত্বে থেকে ও বিরতি দিয়ে কম্পিউটার ব্যবহার করা উচিত।

খ সাধারণত দুইটি কারণে চোখে দীর্ঘদৃষ্টি হয়। কারণ দুটি হলো-

- চোখের লেন্সের অভিসারী শক্তি হ্রাস পেলে।
- কোনো কারণে অক্ষিগোলকের ব্যসার্ধ হ্রাস পেলে।



সুপার টিপস : প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে-

গ হ্রস্ব দৃষ্টি ত্রুটির কারণ ব্যাখ্যা করো।

ঘ দীর্ঘদৃষ্টি ত্রুটি দূর করার উপায় বিশ্লেষণ করো।

#### প্রশ্ন ▶ ১৪



$f = 200$  সে.মি.

চিত্র: অভিসারী লেন্স

◀ শিখনফল-৫, ৬ ও ৭

- ক. লেন্সের ক্ষমতার মান কোন প্রকৃতির হয়? ১  
খ. চোখের দীর্ঘদৃষ্টি কেন হয়? ২  
গ. উদ্দীপকের লেন্সটির ক্ষমতা নির্ণয় করো। ৩  
ঘ. উদ্দীপকের লেন্সটি কোন ধরনের দৃষ্টি ত্রুটির জন্য ব্যবহার করা হয়? তার কারণ ও প্রতিকার বিশ্লেষণ করো। ৪

#### ১৪ নং প্রশ্নের উত্তর

ক লেন্সের ক্ষমতার মান ধনাত্মক ও ঋণাত্মক উভয়ই হয়।

খ স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্বে কোনো বস্তু বিনা শান্তিতে চোখে স্পষ্ট দেখা যায়। এ নির্দিষ্ট দূরত্ব থেকে কম বা বেশি দূরত্বে রেখে বই পড়লে চোখে চাপ পড়ে। তাই সঠিক দূরত্বে রেখে বই পড়তে হয়।



সুপার টিপস : প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে-

গ কোনো লেন্সের ফোকাস দূরত্ব ২০০ সে.মি. হলে লেন্সটির ক্ষমতা কত হবে?

ঘ দীর্ঘদৃষ্টি ত্রুটির কারণ ও প্রতিকার বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ১৫** রফিকের বাবা ইদানীং দূরের বস্তু ভালো দেখতে পান না এবং তার মা একটি ছাপাখানায় কাজ করেন। প্রায়ই তাকে রাতে কাজ করতে হয়। এতে তার খাবারের অনিয়ম হওয়ায় চোখে সমস্যা সহ অন্যান্য শারীরিক সমস্যা দেখা দেয়। দুজনেই ডাক্তারের শরণাপন্ন হলে ডাক্তার তাদের চোখে পরীক্ষা করে রফিকের বাবাকে চোখের ত্রুটি দূর করার জন্য চশমা দিলেন আর তার মাকে চোখ ভাল রাখার উপদেশসহ ব্যবস্থাপত্র দিলেন।

◀ শিখনফল-৬ ও ৮

- ক. অধিকাংশ লেন্স কীসের তৈরি? ১  
খ. উত্তল লেন্সকে স্থূলমধ্য লেন্স বলা হয় কেন? ২  
গ. রফিকের বাবার চোখের ত্রুটি ব্যাখ্যা করো। ৩  
ঘ. ডাক্তারের উপদেশ অনুযায়ী তার মায়ের চোখ ভালো রাখার উপায় বিশ্লেষণ করো। ৪

### ১৫ নং প্রশ্নের উত্তর

**ক** অধিকাংশ লেন্স কাচের তৈরি।

**খ** উত্তল লেন্সের মধ্যভাগ মোটা ও প্রান্ত সরু। তাই উত্তল লেন্সকে স্থূলমধ্য লেন্স বলা হয়।



